



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



প্রেস বিজ্ঞপ্তি

১৯ মে ২০২২

বাউবি'তে কারিকুলাম ডেভেলপমেন্ট: ফরমেট, কন্টেন্ট এবং ইমপ্লিমেন্ট শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) কর্তৃক আয়োজিত কারিকুলাম ডেভেলপমেন্ট: ফরমেট, কন্টেন্ট এবং ইমপ্লিমেন্ট ' শীর্ষক দুই দিনব্যাপি কর্মশালা ১৮ ও ১৯ মে ২০২২ বুধ ও বৃহস্পতিবার গাজীপুরস্থ ক্যাম্পাসের সেমিনার হল অনুষ্ঠিত হয়। ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল এর পরিচালক অধ্যাপক মোঃ আনোয়ারুল ইসলাম এর সভাপতিত্বে কর্মশালায় বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন। তিনি বলেন কারিকুলাম সংশোধন একটি চলমান পক্রিয়া। প্রশিক্ষণ কাজে লাগিয়ে আমরা যত অনুশীলন করব তত বেশী শিখব। আজকের এই কর্মশালার মাধ্যমে শিক্ষকদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি পাবে যা বাস্তব জীবনে সহায়ক হবে।



কর্মশালায় অংশগ্রহণকারী শিক্ষকগণের সাথে প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন

বিশ্ববিদ্যালয়ের ড্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল কর্মশালায় জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে বক্তব্য রাখেন। কর্মশালায় রিসোর্সপার্সন হিসেবে বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আই ই আর এর অধ্যাপক ড. এস এম হাফিজুর রহমান।

কর্মশালায় সূচনা বক্তব্য রাখেন ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল এর পরিচালক অধ্যাপক মোঃ আনোয়ারুল ইসলাম ও অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. সাদিয়া আফরোজ সুলতানা। দুই দিনব্যাপি এ কর্মশালায় দুইটি গ্রুপে বিশ্ববিদ্যালয়ের ছয়টি স্কুলের ৬০ জন শিক্ষক অংশ গ্রহণ করেন।

স্বাক্ষর

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)